**মুন্সিগঞ্জ জেলাধীন টংগিবাড়ী উপজেলার একটি সফল সমবায় সমিতির তথ্যঃ**

মুন্সিগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলার একটি গুরুত্বপুর্ন ইউনিয়ন বালিগাঁও। উক্ত ইউনিয়নের নামে টংগিবাড়ী হতে পদ্মাসেতু যাওয়ার রাস্তায় টংগিবাড়ীর শেষ মাথায় ও লৌহজং উপজেলার শুরুর দিকে গড়ে উঠেছে একটি নামকরা বাজার। এ বাজারের কেন্দ্রীয় স্থলে অবস্থিত রাস্তাটির পশ্চিম পাশেই একটি সুন্দর ও মনোরম দেওয়ান সুপার মার্কেট। এই মার্কেটের দ্বিতিয় তলায় পরিস্কার-পরিচ্ছন্ন একটি রুমই বালিগাঁও ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর অফিস।

বালিগাঁও ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ জেলা সমবায় কার্যালয়, মুন্সিগঞ্জে ১২-০৩-২০১৮ ইং তারিখে নিবন্ধিত হয়। সমিতির সংগঠক জনাব মোঃ মাসুর রানা (বর্তমানে সমিরি সভাপতি) এবং মোঃ সাগর দেওয়ান (বর্তমানে সমিতির সম্পাদকসহ) তাদের আরো কয়েক জন বন্ধু-বান্ধব মিলে ঐকান্তিক উদ্যোগ, শ্রম ও পারষ্পরিক সহযোগিতার মাধ্যমে সমিতিটি সফলভাবে গড়ে উঠেছে। জনাব মোঃ মাসুর রানা দেখেছিলেন অনেক ক্ষুদ্র ব্যবসায়ীই যারা ক্ষুদ্র মূলধনের অভাবে ঠিকমতো ব্যবসা পরিচালনা করতে না পেরে মুনাফাভোগী মহোজনদের নিকট উচ্চহারে সুদে টাকা ধার নেয়ে যথা সময়ে পরিশোধ করতে না পেরে সর্বশ্ব হারায়। তাছাড়াও এলাকায় প্রচুর সম্মাবনাময় মৎস্য চাষের ও গরুর খামারের চাহিদা রয়েছে। তাই এলাকার সমসাময়িক বয়সের তরুন ছেলে মেয়েদের নিয়ে সমবায় সমিতির কথা ভাবেন। সমিতির সম্পাদকের মাইক্রোক্রেডিটএ পূর্ব অভিগ্রতা বিশেষ করে প্রতিষ্ঠানের হিসাব-নিকাষ সংক্রান্ত পারদর্শিতা থাকায় সমবায় সমিতি গঠনের আগ্রহ বৃদ্ধিপায়। ফলে তাদের ক্রকান্তিক আগ্রহ ও উদ্দিপনায় গড়ে উঠে এই সফল সমবায় সমিতিটি। এই সমবায় সমিতির উদ্দেশ্য হলো সদস্যদের কাছথেকে সঞ্চয় আমানত গ্রহনের মাধ্যমে ক্ষুদ্র ব্যবসায় বিনিয়োগ উপযোগী পুঁজি গঠন  এবং ব্যবসায়ীদের ব্যবসার কাজে বিভিন্ন সহায়তা প্রদান করে তাঁদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি করা। সমিতিটি উদ্দেশ্য সাধনের জন্য জোর প্রচেষ্ঠা অব্যহত রেখেছে।

নিবন্ধনকালে সমিতির সদস্য সংখ্যা ছিল পুরুষ ১৩ জন ও মহিলা ০৭ জন মোট ২০ (বিশ)। সমিতির ঐকান্তিক প্রচেষ্ঠায় ও সমিতির সফলতায় সমিতির সদস্য সংখ্যা বৃদ্ধি পেয়ে ১৯৫ (একশত পঁচানব্বই) জনে উন্নিত হয়েছে। নিবন্ধনকালে সমিতির শেয়ার মূলধন ছিল ২০,০০০/- টাকা ও সঞ্চয় ছিল ২০,০০০/- টাকা মাত্র। সমিতির উন্নয়নের জন্য এবং নিজেদের আর্থিক দৈন্যদশা ও আর্থিকভাবে সচ্ছল হওয়ার জন্য তারা অল্প অল্প পুঁজি সঞ্চয় করে মাত্র ০৭ (সাত) বছরেই বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে বর্তমানে একটি বড় পুঁজি গঠন করতে সক্ষম হয়েছে। বর্তমানে সমিতিটির শেয়ার মূলধন ৩৮,২০০/- টাকা, সঞ্চয় আমানত ১,৮২,৮৮২৬৫/- টাকা ও কার্যকরী মূলধন প্রায় ১,৮৩,৯১,৭১৯/- টাকা।

উক্ত সমিতির সদস্যরা বিভিন্ন ট্রেড ভিত্তিক প্রশিক্ষন নিয়ে শেলাই, মৎস্য চাষ এবং ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ প্রদান, হাঁস মুরগি বিতরন ও অন্যান্য কার্যক্রম পরিচালনাসহ আত্তকর্মসংস্থানের মাধ্যমে উন্নয়নের জন্য কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

এছাড়াও শিক্ষা বৃত্তি প্রদান, শীত বস্ত্র বিতরন, শেলাই মেশিন বিতরণ, গরিব দুঃখিদের আর্থিক সাহায্য প্রদান, বৃক্ষ রোপন, বাল্য বিবাহরোধসহ বিভিন্ন সেবা মূলক কার্যক্রম অব্যাহত রেখেছে। এছাড়াও সমিতিটি নিজস্ব সফটওয়ার এর মাধ্যমে সমিতির কার্যক্রম পরিচালনা করছে। সমিতির নিজস্ব মূলধন দিয়ে ০২ (দুই) টি খামার পরিচালনা করছে। যাতে এলাকার মানুষের মৎস্য ও দুধের চাহিদা পূরন হচ্ছে ও মানুষের কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

উক্ত সমিতিতে প্রায় ০৫ (পাঁচ) জন কর্মচারীর প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে প্রায় ৬০/৭০ জনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এছাড়াও সমিতির মাধ্যমে প্রায় ১১৬ টি পরিবার উপকৃত হয়েছে এবং সদস্যদের পরিবারভুক্তদের বিভিন্ন ক্ষুদ্র ব্যবসা ও অন্যান্য কর্মকান্ডের মাধ্যমে বেকারত্ব দূরীকরণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। উক্ত সমিতিতে ঋণ আদায়ের পরিমান প্রায় ৯৯%। প্রতি বছর ধার্য্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% পরিশোধ করা হয়। ইতোমধ্যে সমিতিটির টংগিবাড়ী উপজেলার শ্রে   সমিতি হিসাবে পুরষ্কৃত হয়েছে।

স্বাক্ষরিত/-
(মিজানুর আহসান চৌধুরী)
উপজেলা সমবায় অফিসার
টংগিবাড়ী, মুন্সিগঞ্জ।